12

তারিখ ...26 NOV 1994......
পৃষ্ঠা ১২ কলাম ৮

আজকের কাগজ

শিক্ষার পরিবেশ বিঘ্নিত

# আধিপত্য, দখলদারিত্ব নিয়ে চট্টগ্রামের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সহিংস ঘটনা বাড়ছে

মোতাহার হোসেন : বন্দরনগরী চট্টগ্রামের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আধিপত্য ও দখলদারিত্ব নিয়ে প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনগুলোর মধ্যে রক্তক্ষয়ী সহিংসতা আশংকাজনক হারে বাড়ছে। পরিস্থিতি নিজেদের অনুকূলে রাখতে এসব ছাত্র সংগঠন বিশেষ ক্যাডার বাহিনীর পাশাপাশি গড়ে তুলছে ক্যাম্পাসে অবৈধ অস্ত্রভান্ডার। সহিংসতার জের হিসেবে প্রায়শই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পাইকারী ধর্মঘট চাপিয়ে দেয়া হচ্ছে। ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সার্বিক শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে, ক্ষতিগ্রস্ত হচ্ছে শিক্ষার্থীরা। গত ৬-৭ বছর থেকে এই সহিংসতা ক্রমাগতভাবে বেড়ে চলেছে। কিছুদিন থেকে পরিস্থিতি ভয়াবহ অবনতি ঘটেছে। হিসেব মতে, গত ২ বছরে চট্টগ্রামের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সহিংস ঘটনায় প্রতিদ্বীন্দ্বদের হাতে প্রাণ হারিয়েছে ২০ জন ছাত্র। গত এক মাসের ব্যবধানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসও চট্টগ্রাম পলিকেটনিক ইনস্টিটিউটে তিন পৃথক সহিংস ঘটনায় ছাত্রদলের তিনজন ছাত্র ও একজন দোকানীর মর্মান্তিক প্রাণহানি ঘটে।